



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY

বাউবি/প্রশা(ক্রয়)-১৪(৯৩)/২০০৯-২০১০/২৫২৭

তারিখ : ২১/৫/২০১৯

ডিজিটাল বাউবি'তে পড়ব
ডিজিটাল বাংলাদেশ গড়ব

প্রধানমন্ত্রীর দীক্ষা
মানসম্মত শিক্ষা

পুরাতন বিভিন্ন প্রকারের কাগজ বিক্রয়ের জন্য উন্মুক্ত নিলাম দরপত্র বিজ্ঞপ্তি

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি)-এর নিম্নোক্ত পুরাতন বিভিন্ন প্রকারের কাগজ উন্মুক্ত নিলাম দরপত্রের মাধ্যমে 'যেখানে যে অবস্থায় আছে' সে অবস্থায় বিক্রয়ের জন্য অত্র বিজ্ঞাপনের শর্তানুযায়ী আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট থেকে সাদা কাগজে/নিজস্ব লেটার হেড প্যাডে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে। দরপত্রের সাথে জামানত বাবদ 'বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুর'-এর অনুকূলে উদ্ধৃত মূল্যের ২৫% টাকা (তফসিলি ব্যাংক থেকে গৃহীত পে-অর্ডার/ডিম্যান্ড ড্রাফট আকারে) সংযুক্ত করতে হবে, অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে। আগ্রহী দরদাতা ব্যক্তি/প্রতিষ্ঠান প্রয়োজনে বাউবি'র সংশ্লিষ্ট অফিসে রক্ষিত পুরাতন কাগজসমূহ পরিদর্শন করতে পারবেন।

পুরাতন বিভিন্ন প্রকারের কাগজের বিবরণ :

ক্রম.	বিবরণ	পরিমাণ	পুরাতন কাগজসমূহ পরিদর্শনের স্থান এবং বিক্রয়াদেশপাণ্ড প্রতিষ্ঠানের গ্রহণের স্থান
০১.	পুরাতন বিভিন্ন প্রকারের কাগজ	৩৫ মেট্রিক টন (কম বেশী হতে পারে)	পরীক্ষা বিভাগ, বাউবি, গাজীপুর-১৭০৫।

অফেরৎযোগ্য ৫০০.০০ (পাঁচশত মাত্র) টাকা (পুরাতন বিভিন্ন প্রকারের কাগজের সিডিউলের জন্য) বিনিময়ে এতদসংক্রান্ত দরপত্র সিডিউল বাউবি'র গাজীপুরস্থ অর্থ ও হিসাব বিভাগের ক্যাশ শাখা হতে সংগ্রহ করা যাবে। দরপত্র সিডিউল ২৫/৬/২০১৯ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে ক্রয় করা যাবে। এতদসংক্রান্ত আইটেমসমূহের বিস্তারিত বিবরণ সিডিউলে পাওয়া যাবে।

দরপত্র বাউবি'র গাজীপুরস্থ ট্রেজারার দপ্তরে রক্ষিত দরপত্র বাক্সে আগামী ২৬/৬/২০১৯ তারিখ দুপুর ০২:০০ টা পর্যন্ত গ্রহণ করা হবে এবং একই দিন ০২:১৫ মিনিটে দাখিল/গ্রহণের স্থানে উপস্থিত দরদাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

সকল দরদাতাকে কার্যাদেশ/বিক্রয়াদেশ পাওয়ার ১০ (দশ) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% অর্থ ও সরকারী আইন/বিধি মোতাবেক উৎসে কর ও ভ্যাট প্রদান পূর্বক মালামাল অপসারণের কাজ আরম্ভ করতে হবে এবং ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে সমাপ্ত করতে হবে। অন্যথায় জামানত বাজেয়াপ্তপূর্বক দরপত্র বাতিল করা হবে।

বাউবি কর্তৃপক্ষ যে কোন ঝামেলায় দরপত্র কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে গ্রহণ/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

(মোহাম্মদ ছালাউদ্দীন ভূঁইয়া)

উপ-পরিচালক, সংগ্রহ শাখা

প্রশাসন বিভাগ, বাউবি, গাজীপুর-১৭০৫।

টেলিফোন নম্বর: ০৯৬৬৬৭৩০৭৩০

আইপি এক্স: ৬৯৯, ৭০৪, ৭০৫

dd1.procurement@bou.edu.bd